

মিডিয়া বিজ্ঞপ্তি (ঢাকা)- ১০ ডিসেম্বর, ২০১৭

## সামিট গাজীপুর ২ পাওয়ার লিমিটেডের সাথে সরকারের ৩০০ মেগাওয়াট প্রকল্পের চুক্তি সই



আজ বিদ্যুৎ ভবনে ৩০০ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহের জন্য সামিট গাজীপুর ২ পাওয়ার লিমিটেডের সাথে সরকারের ১৫ বছর মেয়াদী প্রকল্প চুক্তি সই হয়েছে। এই প্রকল্প চুক্তির মধ্যে রয়েছে বিদ্যুৎ ক্রয় চুক্তি ও বাস্তবায়ন চুক্তি।

বিদ্যুৎ ক্রয় চুক্তিতে (PPA) সই করেন বাংলাদেশ পাওয়ার ডেভেলপমেন্ট বোর্ডের (BPDB) সেক্রেটারি মিনা মাসুদজ্জামান এবং সামিট গাজীপুর ২ পাওয়ার লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর ইঞ্জি মো. মোজাম্মেল হোসেন।

বাস্তবায়ন চুক্তিতে (IA) সই করেন বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (ডেভেলপমেন্ট, পাওয়ার ডিভিশন) শেখ ফয়েজুল আমিন, পাওয়ার গ্রীড কোম্পানী অফ বাংলাদেশের (PGCB) কোম্পানী সেক্রেটারি মো. আশরাফ হোসেন এবং সামিট গাজীপুর ২ পাওয়ার লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর ইঞ্জি মো. মোজাম্মেল হোসেন।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী নসরুল হামিদ, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের সচিব ড. আহমদ কায়কাউস। অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাদের মধ্যে উপস্থিত ছিলেন বিপিডিবি'র চেয়ারম্যান ইঞ্জিঃ খালেদ মাহমুদ, পিজিসিবি'র ম্যানেজিং ডিরেক্টর মাসুম আল-বেরুনী, সামিট গ্রুপের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান, ভাইস চেয়ারম্যান মোহাম্মদ লতিফ খান, ভাইস চেয়ারম্যান মো. ফরিদ খান, সামিট কর্পোরেশন লিমিটেডের এএমডি ফয়সাল খান ও সামিট পাওয়ার লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর লেঃ জেনারেল (অবঃ) ইঞ্জিঃ আব্দুল ওয়াদুদ।

চুক্তি অনুযায়ী, ২০১৮ সালের মাঝামাঝি সময়ে বিদ্যুৎ কেন্দ্রটি বাণিজ্যিক উৎপাদনে যাবে। এর আগে ২০১৭ সালের ১০ আগস্ট বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অনুমতিপত্র (এলওআই) পায় সামিট গাজীপুর ২ পাওয়ার লিমিটেড।

#### সামিট গাজীপুর ২ পাওয়ার লিমিটেড সম্পর্কে বিস্তারিত:

সামিট গাজীপুর ২ পাওয়ার লিমিটেড সামিট কর্পোরেশন এবং পুঁজিবাজারে তালিকাভুক্ত সামিট পাওয়ার লিমিটেডের একটি জয়েন্ট ভেঞ্চার প্রজেক্ট কোম্পানী। সামিট গাজীপুর ২ পাওয়ার লিমিটেড ঢাকা থেকে ৩০ কিমি দূরে গাজীপুরের কডডায় অবস্থিত। এই এইচএফও-জ্বালানী ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রটির ইঞ্জিন ওয়ার্টসিলা, ফিনল্যান্ড কর্তৃক নির্মিত। এটি এ যাবৎ দেশের সর্ববৃহৎ রেসিপ্রোকোটিং ইঞ্জিন চালিত বিদ্যুৎ কেন্দ্র হবে যেটি জাতীয় গ্রীডে ৩০০ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করবে। একই এলাকায়, সামিটের আরেকটি ১৪৯ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন বিদ্যুৎ কেন্দ্র নির্মাণাধীন রয়েছে।

#### বিস্তারিত তথ্যের জন্য:

মোহসেনা হাসান | ইমেইল-[mohsena.hassan@summit-centre.com](mailto:mohsena.hassan@summit-centre.com) | মোবাইল- ০১৭১৩০৮১৯০৫।